# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

## চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

### ২০১৮ সালের ফেব্রুয়ারি মাসের কার্যসম্পাদনের পর্যালোচনা

১। ক) উৎপাদনঃ

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের অধীন ১৫ টি চিনিকলে ২০১৭-২০১৮ মাড়াই মৌসুমে ১৩৫০০০০ মে.টন ইক্ষু মাড়াই করে ৭.৪৩% চিনি আহরণ হারে ১০০২৮০.২৩ মে.টন চিনি উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। করপোরেশনের কারখানাগুলোতে মাস-ওয়ারী পণ্য উৎপাদনের পরিসংখ্যান নিম্নরূপঃ

| মাসের নাম | পণ্যের নাম ও এককসহ উৎপাদনের পরিমাণ | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | চিনি (মেঃটন) | চিটাগুড় (মে.টন) | স্পিরিট এন্ড এ্যালকোহল (প্রুফ লিটার) | ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন) | |
| জুলাই,২০১৭ | অমৌসুম | অমৌসুম | ৩৬৩২৩৩ | ৩৫.৬১ | |
| আগস্ট,২০১৭ | অমৌসুম | অমৌসুম | ২৮৫১৮২ | ৩৫.৬১ | |
| সেপ্টেম্বর,২০১৭ | অমৌসুম | অমৌসুম | ৫৯১২৪৩ | ৫৩.০৬ | |
| অক্টোবর,২০১৭ | অমৌসুম | অমৌসুম | ৪৪২৬৬৯ | ১৪৬.৯০ | |
| নভেম্বর,২০১৭ | ২৮৫৯.০০ | ১৪৯৭.৮৩ | ৬৭৪৪২০ | ৭৯.৭৩ | |
| ডিসেম্বর,২০১৭ | ১৮৬০২.০০ | ১২০০০.৭৭ | ৩১১০৪৩ | ৮৪.৯৫ | |
| জানুয়ারি২০১৮ | ২৯৭৮২.৬৫ | ২০০৭৪.৭১ | ৬৬২৯৪৩ | ৭৯.৩৯ | |
| ফেব্রুয়ারি,২০১৮ | ১৫৫৭৫.৬০ | ১০০১৬.৯৭ | ৩৫২২৪৫ | ১০০.৫৭ | |
| মার্চ,২০১৮ | - | - | - | - | |
| এপ্রিল,২০১৮ | - | - | - | - | |
| মে,২০১৮ | - | - | - | - | |
| জুন,২০১৮ | - | - | - | - | |
| মোট ঃ | ৬৬৮১৯.২৫ | ৪৩৫৯০.২৭ | ৩৬৮২৯৭৮ | ৬১৫.৮২ | |

খ) উৎপাদন (পরিমাণ):

চিনি:

ফেব্রুয়ারি, ২০১৮ মাসে ১৫ টি চিনিকলে ২২৫৯৩.৪৩ মে.টন চিনি উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ১৫৫৭৫.৬০ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৬৯% । এ সময় পর্যন্ত উৎপাদন ৬৬৮১৯.২৫ মে.টন । গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৫৯৯৮৪.৫৫ মে.টন । বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ১১% বেশি ।

মোলাসেসঃ :

ফেব্রুয়ারি, ২০১৮ মাসে ১৫ টি চিনিকলে ৯৫৭৩.১৫ মে.টন মোলাসেস উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ১০০১৬.৯৭ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ১০৫% । এ সময় পর্যন্ত উৎপাদন ৪৩৫৯০.২৭ মে.টন । গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৩৯৭৫০.৪১ মে.টন । বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ১০% বেশি ।

স্পিরিট ও এলকোহল :

ফেব্রুয়ারি, ২০১৮ মাসে কেরু ডিস্টিলারিতে ৪১৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট ও এ্যালকোহল উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৫২২৪৫ প্রুফ লিটার উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৮৫% । জুলাই'১৭ হতে এ সময় পর্যন্ত উৎপাদন ৩৬৮২৯৭৮ প্রুফ লিটার । গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৩১৩৯১৬০ প্রুফ লিটার । বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ১৭% বেশি ।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

ফেব্রুয়ারি, ২০১৮ মাসে রেনউইক,যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি ১০০ মে.টন উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ১০০.৫৭ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ১০১% । জুলাই'১৭ হতে এ সময় পর্যন্ত উৎপাদন ৬১৫.৮২ মে.টন । বাজার ও চিনিকলের যন্ত্রাংশের চাহিদার ভিত্তিতে ইঞ্জিনিয়ারিং পণ্যাদি উৎপাদন করা হয় । গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৭৩২মে.টন । বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ১৬% কম ।

উৎপাদন ব্যয় :

ফেব্রুয়ারি, ২০১৮ মাসে করপোরেশনের অধীনস্থ প্রতিষ্ঠানসমূহে উৎপাদিত পণ্যের উৎপাদন ব্যয় ১০৯৪৩.৬৩ লক্ষ টাকা । এ মাসে উৎপাদন ব্যয়ের লক্ষ্যমাত্রা ১৪৪৫৯.৯৭ লক্ষ টাকা । জুলাই'১৭ হতে এ সময় পর্যন্ত উৎপাদন ব্যয় ৫৩৪৮৮.৮৫ লক্ষ টাকা । গত বছর এ সময়ে উৎপাদন ব্যয় ৪৮০৪৮.৭৭ লক্ষ টাকার তুলনায় ১১% বেশি ।

২ । বিক্রয় (পরিমাণ) :

চিনি :

ফেব্রুয়ারি, ২০১৮ মাসে চিনিকলসমূহে ৩৩৭৪.৭৫ মে.টন চিনি বিক্রয় হয় । জুলাই'১৭ হতে এ সময় পর্যন্ত চিনি বিক্রয়ের পরিমাণ ২১৮৪০.২৯ মে.টন । গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ৪৫১৬২.৯১ মে.টন । বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ৫১.৬৪% কম ।

মোলাসেস :

ফেব্রুয়ারি, ২০১৮ মাসে চিনিকলসমূহে ৪২০৮.৮২ মে.টন মোলাসেস বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৮২৭.৪৮মে.টন মোলাসেস বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৯১% । জুলাই'১৭ হতে এসময় পর্যন্ত বিক্রয় ২৯৯৭০.২১ মে.টন । গত বছর এ সময় পর্যন্ত মোলাসেস বিক্রয় ছিল ২৮৬৩৬.৭০ মে.টন । বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ৪.৬৬% বেশি ।

স্পিরিট, এ্যালকোহল ও ফরেন লিকার :

ফেব্রুয়ারি, ২০১৮ মাসে কেরু ডিস্টিলারিতে ৪১৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট, এ্যালকোহল ও ফরেন লিকার বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১১৬৬৫ প্রুফ লিটার বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৭৫% । জুলাই'১৭ হতে এ সময় পর্যন্ত বিক্রয় ২৮৩১৫৯৬ প্রুফ লিটার । গত বছর এসময়ে বিক্রয় ছিল ২৬৩২১৪১.৩২ প্রুফ লিটার । বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ৭.৫৮% বেশি ।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

ফেব্রুয়ারি, ২০১৮ মাসে রেনউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ১০০ মে. টন ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৯৫.২৩ মে. টন বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৯৫% । জুলাই'১৭ হতে এ সময় পর্যন্ত বিক্রয় ৬৭৯.২৬ মে.টন । গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ৭৭৪.৫৩ মে.টন । বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ১২.৩০% কম ।

বিক্রয়(মূল্য) :

ফেব্রুয়ারি, ২০১৮ মাসে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে ৩৩৭৪.৭৫ মে.টন চিনি এবং অন্যান্য উৎপাদিত পণ্যাদি বিক্রয় বাবদ মোট ৫৩৭০.১৩ লক্ষ টাকা পাওয়া গিয়াছে যা এই মাসের বিক্রয় মূল্যের লক্ষ্যমাত্রা ৫৭৩১.১২ লক্ষ টাকার ৯৪% । জুলাই'১৭ হতে এ সময় পর্যন্ত মোট বিক্রয় মূল্য ৩৭৬৫৩.৬৮ লক্ষ টাকা যা বিগত বছরের একই সময়ে বিক্রয় মূল্য ৪৮০৪৯.৭৭ লক্ষ টাকার ২১% কম । পণ্যভিত্তিক ও কারখানাভিত্তিক বিক্রয়ের পরিসংখ্যান ১১-১৬ নম্বর পৃষ্ঠায় এনেক্সার-২/এ ও ২/বি তে সংযুক্ত করা হল ।

করপোরেশনের মাসওয়ারী প্রকৃত বিপণনের একটি পরিসংখ্যান নিম্নে দেওয়া হল :

| মাসের নাম | পণ্যের নাম ও এককসহ প্রকৃত বিপণনের পরিমাণ | | | | |
|---|---|---|---|---|---|
| | চিনি (মেঃটন) | | চিটাগুড় (মে.টন) | স্পিরিট অ্যান্ড এ্যালকোহল (প্রুফ লিটার) | ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন) |
| | নিজস্ব উৎপাদিত | আমদানিকৃত | | | |
| জুলাই,২০১৭ | ১৯৫৯.১১ | - | ৩৫৪৭.০৬ | ৩২০৫৯৮ | ২০.৩৬ |
| আগস্ট,২০১৭ | ২৩৭৫.৯৮ | - | ৩৯৯৩.৪০ | ৪২২৫৫৮ | ২০.৩৬ |
| সেপ্টেম্বর,২০১৭ | ২০৫৫.৭৫ | - | ২৫৪৭.৫৬ | ৩৩৪৮১৭ | ১১৭.৩৪ |
| অক্টোবর,২০১৭ | ৩১০০.৫৫ | - | ৪৩৫৪.৫৫ | ৩৫৫২০৭ | ১২৫.৩৭ |
| নভেম্বর,২০১৭ | ২৮০৮.১৫ | - | ৩৮৬৯.৪৩ | ৩৮৯২৩১ | ১২৫.৩৭ |
| ডিসেম্বর,২০১৭ | ৩৬১৯.১০ | - | ৩২১৮.৮৬ | ৩৪৫২০৩ | ৯৫.০০ |
| জানুয়ারী,২০১৮ | ২৫৪৬.৯০ | - | ৪৩৫৯.৮৮ | ৩৫২৩১৭ | ৮০.২৩ |
| ফেব্রুয়ারি,২০১৮ | ৩৩৭৪.৭৫ | - | ৩৮২৭.৪৮ | ৩১১৬৬৫ | ৯৫.২৩ |
| মার্চ,২০১৮ | - | - | - | - | - |
| এপ্রিল,২০১৮ | - | - | - | - | - |
| মে,২০১৮ | - | - | - | - | - |
| জুন,২০১৮ | - | - | - | - | - |
| মোট ঃ | **২১৮৪০.২৯** | - | **২৯৯৭০.২১** | **২৮৩১৫৯৬** | **৬৭৯.২৬** |

৩। **উৎপাদিত দ্রব্যাদির মজুদ :**

ফেব্রুয়ারি, ২০১৮ মাসের শেষে চিনিকলসমূহে ৯১৮৪৩.৩১ মে.টন চিনি মজুদ রয়েছে। গত বছর এই মাসে চিনি মজুদের পরিমাণ ছিল ৮২০৫১.৪৩মে.টন। আলোচ্য মাস পর্যন্ত বিভিন্ন শিল্প কারখানায় উৎপাদিত পণ্যাদি ও চিনির মজুদ মূল্য দাঁড়ায় ৬৬৫৫০.৪০. লক্ষ টাকা যা গত বছরের এ সময়ের মজুদ মূল্য ৫৯৫১৮.৫৩ লক্ষ টাকার তুলনায় ১১.৮১% বেশি। কারখানাভিত্তিক মজুদ বিবরণী ১৭-১৮ নং পৃষ্ঠায় এনেক্সার ৩ এ সংযুক্ত করা হল।

৪। **উৎপাদন সহায়ক মালামালের মজুদ :**

ফেব্রুয়ারি, ২০১৮ মাসের শেষে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে উৎপাদন সহায়ক মালামালের মজুদ মূল্য দাঁড়ায় ২৫৩০.১৯ লক্ষ টাকা যাহা বিগত বছর এই মাসের শেষে মজুদ মূল্য ২৪১৪.৭৬ লক্ষ টাকার তুলনায় ৪.৭৮% বেশি। উৎপাদন সহায়ক মালামালের বিবরণী ১৯-২১ পৃষ্ঠায় এনেক্সার-৪এ সংযুক্ত করা হল।

৫। **শুল্ক ও কর প্রদান :**

করপোরেশনের সদর দপ্তর ও অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানসমূহ ফেব্রুয়ারি, ২০১৮ মাসে ভ্যাট ও অন্যান্য কর বাবদ ১০৩৮.০৩ লক্ষ টাকা (ভ্যাট ৯৪৮.৮৮ লক্ষ টাকা এবং অন্যান্য কর ৮৯.১৫ লক্ষ টাকা) প্রদান করা হয়। জুলাই'১৭ হতে এ সময় পর্যন্ত ভ্যাট ও অন্যান্য কর বাবদ মোট ৬২৫১.৭৬ লক্ষ টাকা প্রদান করা হয়।

--------------